

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালকের কার্যালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

“অফিস আদেশ”

বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ময়মনসিংহ এর টেলিফোন অপারেটর জনাব মোঃ রুবেল মিয়া (পিআইএন-৩০০৩৯২)-এর পুত্র ডেপু জুরে আক্রান্ত হওয়ায় তিনি ০৬/১১/২৫ খ্রি: হতে ২০/১১/২৫ খ্রি: পর্যন্ত মোট ১৫ (পনেরো) দিন অর্জিত ছুটি ভোগের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে সরকারি কাজের ভারসাম্য রক্ষার্থে ০৬/১১/২৫ খ্রি: হতে ১২/১১/২৫ খ্রি: পর্যন্ত মোট ০৭ (সাত) দিন অর্জিত ছুটি মঞ্জুর করা হয়।

এ প্রেক্ষিতে উক্ত কর্মচারীর ১৩/১১/২৫ খ্রি: তারিখে কর্মস্থলে যোগদান করার কথা থাকলেও তিনি যোগদান না করে কর্মস্থলে অনুপস্থিত থাকেন এবং ১৩/১১/২৫ খ্রি: হতে ১৯/১১/২৫ খ্রি: পর্যন্ত মোট ০৭ (সাত) দিনের বর্ধিত ছুটির আবেদনপত্র ই-মেইলের মাধ্যমে প্রেরণ করেন। পরবর্তীতে তিনি ২০/১১/২৫ খ্রি: তারিখে কর্মস্থলে যোগদান করলে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে কৈফিয়ত তলব করা হয়।

কৈফিয়ত তলবের জবাবে তিনি নিজের অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করায় ভবিষ্যতের জন্য তাকে কঠোরভাবে সতর্ক করা হয় এবং এহেন কার্যকলাপ পুনরাবৃত্তি না করার শর্তে ও স্মারক নং-১৯৩৩, তারিখ: ১০/১১/২৫ খ্রি: দ্বারা পূর্বে মঞ্জুরীকৃত ছুটি বাতিল করে ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালার ৩(১) ধারা মোতাবেক ০৬/১১/২৫ খ্রি: হতে ১৯/১১/২৫ খ্রি: পর্যন্ত মোট ১৪ (চৌদ্দ) দিন পূর্ণ গড় বেতনে অর্জিত ছুটি মঞ্জুর করা হলো।

পূর্ণ চন্দ্র মুৎসুদ্দী পিএফএম
উপপরিচালক (ভারপ্রাপ্ত)

ফোন: ০২৯৯৬৬৬৯০৮৮
তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ।
১৪ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ।

স্মারক নং-৫৮.০৩.৩০৬১.০০১.০২.০১৮.১৭- ২১৪৪/৮

অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। ডিভিশনাল কন্ট্রোলার অব এ্যাকাউন্টস, ময়মনসিংহ।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ময়মনসিংহ।
- ৫। হিসাব রক্ষক কাম ক্যাশিয়ার, উপপরিচালকের দপ্তর, ময়মনসিংহ। তাঁকে বর্ণিত কর্মচারীর মঞ্জুরকৃত ছুটি চাকরি বহিতে লিপিবদ্ধ করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। জনাব মোঃ রুবেল মিয়া (পিএন-৩০০৩৯২), টেলিফোন অপারেটর, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ময়মনসিংহ।

পূর্ণ চন্দ্র মুৎসুদ্দী পিএফএম
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
ফোন: ০২৯৯৬৬৬৯০৮৮